

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

৪৬.০২০.০০৪.০১.০০.০২১.২০১৭- ১৫৬


তারিখ : ২০১৭/০৭

বিষয় : রীট পিটিশন নং-৪৩০/২০১৭ বাদী জনাব মোঃ আবদুর রহমান, পিতা-মৃত-জালাল আহমেদ, চেয়ারম্যান, ০১নং ছাতারপাইয়া ইউনিয়ন পরিষদ, গ্রাম-ছাতারপাইয়া, থানা-সেনবাগ, জেলা- নোয়াখালী -বনাম-সরকার ও অন্যান্য।

নোয়াখালী জেলার সেনবাগ উপজেলাধীন ১নং ছাতারপাইয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আবদুর রহমান এর বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং-৪৩০/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ৪ (চার) মাসের জন্য উক্ত আদেশ স্থগিত করত: রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ৪ রুলের কপি।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

১। জেলা প্রশাসক
নোয়াখালী।

২। উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (ইউনিয়ন পরিষদ-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।